



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: [rajshahicollegebd@gmail.com](mailto:rajshahicollegebd@gmail.com), website: [www.rc.gov.bd](http://www.rc.gov.bd)  
online news portal: [rcbarta.com](http://rcbarta.com)

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৬. ৯৩১

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
১৫ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে অধ্যয়নরত অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের চলমান উপবৃত্তির জন্য অনলাইন আবেদনের সময় বৃদ্ধিকরণ প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.৩২.০০০১.২১-১৮, তারিখ: ১৪/০৬/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজশাহী কলেজ, রাজশাহী'র ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে অধ্যয়নরত অস্বচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি প্রদান করা হবে। উক্ত উপবৃত্তি প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীরা <https://estipend.pmeat.gov.bd> সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে ২৪/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত আবেদন করতে পারবে। আবেদনের হার্ডকপি কলেজের হিসাব শাখায় সকাল ১০.৩০ মি. হতে ০২.৩০ মি. মধ্যে জমা দিতে হবে।

### উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলী:

- স্নাতক (পাস) পর্যায়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
- শিক্ষার্থীর পূর্বের পরীক্ষার জিপিএ ৫.০০ স্কেলে ৩.৭৫/সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ প্রাপ্ত হতে হবে;
- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২ (দুই) লক্ষ টাকার কম হতে হবে;
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
- উপবৃত্তির অর্থ অনলাইন/মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদান করা হবে।

৩৭

১৫/০৬/২০২৬

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

*Swon*  
15.06.26